দৈনিক ইত্তেফাক

তারিখ SEP 27 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

# স্নাতক (পাস) পরীক্ষার মার্কসিট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক (পাস) পরীক্ষার ফলাফল পরীক্ষা শেষ হওয়ার দীর্ঘ ছয় মাস পরে প্রকাশিত হইলেও তাহার পর দুই মাসের মধ্যেও মার্কসিট পাওয়া সম্ভব হয় না। আর মার্কসিট না পাইলে সাময়িক সার্টিফিকেট উঠানো সম্ভব নয়। প্রত্যেক পরীক্ষার্থীই পরীক্ষা দিয়া ফলাফলের দিকে তাকাইয়া থাকে। কিন্তু প্রশ্ন হইতেছে, ফলাফলের সাথে সাথে বা পাঁচ-ছয় দিনের মধ্যে যদি মার্কসিট না পাওয়া যায়, তবে ফলাফল প্রকাশের মূল্য থাকিল কোথায়? যেখানে এসএসসি এবং এইচএসসি-এর মার্কসিট ফলাফল প্রকাশের আট-নয় দিনের মধ্যেই পাওয়া যায়। কলেজসমূহের স্নাতক (পাস) এবং স্নাতক (সম্মান) কোর্সের সকল দায়িত্ব জাতীয় বিশ্ববিদ্যালয়কে দেওয়া হইয়াছে। পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং এতদসংক্রান্ত বিষয়সমূহ ত্বরান্বিত করার জন্য। কিন্তু বাস্তবে তাহার প্রতিফলন ঘটিতেছে না। একটি ইন্টারভিউ-এর জন্য পনের দিনের মধ্যেই স্নাতক (পাস) পরীক্ষার সার্টিফিকেট আমার প্রয়োজন। কিন্তু ইহার মধ্যে মার্কসিট পাইব কিনা সন্দেহ। আমার মত এইরকম বেহাল অবস্থা অনেকেরই। এমতাবস্থায়, স্নাতক (পাস) পরীক্ষার মার্কসিট যথাশীঘ্র সম্ভব প্রদানের ব্যবস্থা নিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

রণজিৎ সাহা,
৭৮ শেরে বাংলা রোড,
রায়েরবাজার, ঢাকা-১২০৯।